দৈনিক বাংলা

তারিখ ... 28/6/84 ... পৃষ্ঠা ... 1 ... কলাম ... 5 ...

৫৭ — 226

# তিনজন নতুন মন্ত্রী : দফতর পুনর্বণ্টন

প্রেসিডেন্ট ও প্রধান সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল এইচ এম এরশাদ গতকাল বঙ্গভবনে এক অনাড়ম্বর অনুষ্ঠানে দু'জন মন্ত্রী এবং একজন প্রতিমন্ত্রীকে শপথ গ্রহণ করান।

বাসসের খবরে বলা হয়, এ দু'জন নয়া মন্ত্রীর নাম—জনাব রিয়াজ উদ্দীন আহমদ (ভোলা মিয়া) ও শাহ মোয়াজ্জেম হোসেন আর নয়া প্রতিমন্ত্রীর নাম জনাব আবু নাসের খান ভাসানী।

এ অনুষ্ঠানে ডিসিএমএলএ রিয়ার এ্যাডমিরাল এম এ খান ও ডিসিএমএলএ এয়ার ভাইস মার্শাল সুলতান মাহমুদ, প্রধানমন্ত্রী জনাব আতাউর রহমান খান, মন্ত্রীবর্গ এবং পদস্থ সামরিক ও বেসামরিক কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রেসিডেন্ট ও প্রধান সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল এইচ এম এরশাদ মন্ত্রীদের নামের পাশে উল্লিখিত দফতরসমূহ তাদের মধ্যে বন্টন করেছেন :

রিয়ার এ্যাডমিরাল মাহবুব আলী খান, ডিসিএমএলএ নৌ-বাহিনী স্টাফ প্রধান—কৃষি, এয়ার ভাইস মার্শাল সুলতান মাহমুদ, ডিসিএমএলএ ও বিমান বাহিনী স্টাফ প্রধান—শিল্প, জনাব আতাউর রহমান খান, প্রধানমন্ত্রী—প্রধানমন্ত্রীর সচিবালয় এবং আইন ও বিচার, জনাব এস এম শফিউল আজম—জ্বালানি ও খনিজ সম্পদ, এয়ার ভাইস মার্শাল (অবঃ) এ জি

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)



প্রেসিডেন্ট এরশাদ গতকাল বঙ্গভবনে নবনিযুক্ত মন্ত্রীদের শপথ গ্রহণ করান —পিআইডি

## দফতর বণ্টন

(১ম পৃঃ পর)

মাহমুদ—খাদ্য, জনাব এ জেড এম শামস-উদ-দোহা—সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ এছাড়াও পুনঃরাদেশ না দেয়া পর্যন্ত তিনি পররাষ্ট্রমন্ত্রীর অতিরিক্ত দায়িত্ব পালন করবেন, এয়ার ভাইস মার্শাল (অবঃ) কে এম আমিনুল ইসলাম—পাট ও বস্ত্র, খন্দকার আবু বকর—ধর্ম ও দান, মেজর জেনারেল আবদুল মান্নান সিদ্দিকী—স্বরাষ্ট্র, মেজর জেনারেল এম শামসুল হক—স্বাস্থ্য ও জনসংখ্যা নিয়ন্ত্রণ, জনাব মাহবুবুর রহমান—স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়, জনাব এ জেড এম ওবায়দুল্লাহ খান—যোগাযোগ, ডাঃ শাফিয়া খাতুন—সমাজ কল্যাণ ও মহিলা বিষয়ক, ডঃ আবদুল মজিদ খান—পরিকল্পনা, মেজর জেনারেল মহব্বতজান চৌধুরী—সংস্থাপন, মেজর জেনারেল আবদুল মুনিম—পূর্ত, জনাব শামসুল হুদা চৌধুরী—শিক্ষা, ডাঃ এম এ মতিন—বাণিজ্য, জনাব মোঃ শামসুল হক—তথ্য, জনাব এম এ হক—ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার, জনাব রিয়াজউদ্দীন আহমদ—বন্দর জাহাজ চলাচল ও আইডব্লিউটি, শাহ মোয়াজ্জেম হোসেন—শ্রম ও জনশক্তি, জনাব শফিকুল গণি স্বপন—ক্রীড়া ও যুব প্রতিমন্ত্রী এবং জনাব আবু নাসের খান ভাসানী—খাদ্য প্রতিমন্ত্রী।